গাংনী সরকারি ডিগ্রী কলেজর অবসরপ্রাপ্ত অধ্যাপক আব্দুর রশিদ আর নেই

গাংনী সরকারি ডিগ্রী কলেজের রাষ্ট্রবিজ্ঞানের শিক্ষক (অবসরপ্রাপ্ত), প্রফেসর আব্দুর রশিদ ঢাকা ল্যাবএইড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আজ বুধবার (৩০ অক্টোবর) ভোর ৪ টার সময় ইন্তেকাল করেছেন। (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রজিউন)।

তাঁর স্ত্রী, এক ছেলে এক মেয়ে, আত্মীয় স্বজন, বন্ধু বান্ধব, সহকর্মীসহ অসংখ্য গুনগ্রাহী রয়েছে।

অধ্যাপক আব্দুর রশিদের একমাত্র ছেলে সাহেদ এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, বাবা ঢাকাতে আমার বোনের বাসাতে বছর খানেক অবস্থান করছিলেন। সেখানেই বেশ কয়েকদিন যাবৎ অসুস্থ ছিলেন। গতকাল মঙ্গলবার থেকে লাইফ সাপোর্ট ছিলেন তিনি। আজ ভোররাত ৪ টার সময় চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।

আজ বুধবার (৩০ অক্টোবর) বিকাল ৪ টার সময় গাংনী উপজেলার নিজ গ্রাম বানিয়াপুকুরে নামাজে জানাযা শেষে কবরস্থানে দাফন সম্পন্ন হবে।

অধ্যাপক আব্দুর রশিদ গ্রামের প্রাথমিক বিদ্যালয়ের গন্ডি পেরিয়ে আলমডাঙ্গার ঐতিহ্যবাহি হাটবোয়ালি মাধ্যমিক বিদ্যালয় থেকে এসএসসি ও পরে রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে কৃতিত্বের সাথে রাষ্ট্রবিজ্ঞানে অনার্স মাস্টার্স শেষ করেন।
অধ্যাপক আব্দুর রশিদ গাংনী সরকারি ডিগ্রী কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষক ছিলেন। শিক্ষকতার জীবনেও তিনি সফল ছিলেন।

অধ্যাপক আব্দুর রশিদ সম সাময়িক বিষয় নিয়ে ছড়া, কবিতা, গল্প লিখতেন। তাঁর লেখা “অগ্নি যুগের অগ্নি সেনা, বিপ্লবীদের বীর গাঁথা” গ্রন্থটি পাঠক সমাজে বেশ সমাদূত ছিল। মৃত্যুর আগ পর্যন্ত তিনি সুশাসনের জন্য নাগরিক সুজনের গাংনী উপজেলা শাখার সভাপতিসহ বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক সংগঠণের সাথে জড়িত ছিলেন।

তাঁর মৃত্যুতে গাংনীবাসি একজন ন্যায়পরায়ণ গুণী মানুষকে হারালেন

উল্লেখ করে শোক জানিয়েছেন, সুশাসনের জন্য নাগরিক সুজনের কেন্দ্রীয় কমিটির সম্পাদক ড. বদিউল আলম মজুমদার, মেহেরপুর-২ আসনের সাবেক সংসদ সদস্য ও মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক আমজাদ হোসেন, জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন, গাংনী সরকারি ডিগ্রী কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম, গাংনী পাইলট স্কুল এন্ড কলেজের অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক আব্দুর রাজ্জাক, বিশিষ্ট সাংস্কৃতি সংগঠক সিরাজুল ইসলাম, সুশাসনের জন্য নাগরিক সুজনের মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক ও লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সৈয়দ জাকির হোসেন, বীর মুক্তিযোদ্ধা ও কবি মোজাম্মেল হক, করমদী ডিগ্রী কলেজের প্রভাষক আবু সাদাদ মোহাম্মদ সায়েম পল্টু, সাংবাদিক জুলফিকার আলী কানন, সাহাজুল সাজু, দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের গাংনী এরিয়া সমন্বয়কারী হেলাল উদ্দীনসহ বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক সংগঠণের নেতৃবৃন্দ।

মুজিবনগরের বৃক্ষ প্রেমিক মি: ইনবার্ট হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ

মুজিবনগরের বল্লভপুর গ্রামের নেদারল্যান্ডের বংশোদ্ভূত এলাকার পরিচিত মুখ বৃক্ষ প্রেমিক মি: পিটার মারিয়া গ্রুন্ডিম্যান (৬৯) (ইনবার্ট) হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন।

আজ সোমবার সকাল ৭ টার দিকে অসুস্থতা বোধ করলে তিনি বল্লভপুর মিশন হাসপাতালে ভর্তি হন। চিকিৎসাধীন অবস্থায় সকাল ১০ টার সময় তিনি মৃত্যুবরণ করেন।

মি: ইনবার্ট এর শ্যালক বাগোয়ান ইউনিয়ন পরিষদের ৬ নম্বর ওয়ার্ড সদস্য বাবুল মল্লিক মেহেরপুর প্রতিদিন কে জানান, মি: ইনবার্ট স্বাধীনতা যুদ্ধ পরবর্তীতে চার্চ অব বাংলাদেশ এর মাধ্যমে মিশনারি হিসাবে সামাজিক উন্নয়নমূলক কর্মকান্ডে অংশগ্রহণ করার জন্য এলাকায় আসেন। তিনি রতনপুরে বেকার যুবকদের জীবনমান উন্নয়নের জন্য কারিগরি